

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (ক) পবিত্রতা বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১০. ওযুর পরে সূরা 'কাদ্র' পাঠ করা

সহীহ হাদীসে ওযুর পরে পাঠ করার জন্য একাধিক দোয়ার উল্লেখ করা হয়েছে। 'রাহে বেলায়াত' গ্রন্থে আমি দোয়াগুলো সনদ সহ আলোচনা করেছি। আমাদের দেশে অনেক পুস্তকে এ সকল সহীহ দোয়ার বদলে কিছু বানোয়াট কথা লেখা হয়েছে। কোনো কোনো গ্রন্থে লেখা আছে: ''অজু করিবার পর ছুরা রুদর পাঠ করিলে সিদ্দীকের দরজা হাছিল হইবে। (হাদীছ)"[1]। 'আলীর প্রতি রাসূলুল্লাহ (ﷺ)_এর ওসীয়ত' নামক জাল হাদীসটিতে এরূপ কিছু কথার উল্লেখ আছে। ওসীয়তির বিষয়ে পূর্বে আলোচনা করা হয়েছে।

ফুটনোট

[1] মাও. গোলাম রহমান, মকছুদোল মো'মেনীন, পৃ. ১৩২-১৩৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4920

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন